Sanatan Dharma

পবিত্র শ্রাবণমাস -যা ভগবান শিবের অতি প্রিয় মাস

পবিত্র শ্রাবণমাস -যা ভগবান শিবের অতি প্রিয় মাস--- এই মাসে রুদ্রাধ্যায় জপ , রুদ্রযজ্ঞ এবং রুদ্রাভিষেক অত্যন্ত ফলদায়ক । রুদ্র অর্থাৎ ভগবান শিব এবং অভিষেক অর্থাৎ স্নান এই দুইয়ের সন্ধি শব্দ রুদ্রাভিষেক ।
এক কথায় রুদ্রাভিষেক বলতে রুদ্রাধ্যায় বা শতরুদ্রিয় মন্ত্র দ্বারা ভগবান রুদ্রকে (শিবলিঙ্গকে) স্নান করানো বোঝায় ।

রুদ্রাভিষেক শিব আরাধনার সর্বশ্রেষ্ঠ বিধান বলে মানা হয় । শাস্ত্রে বর্ণিত আছে ভগবান শিব জলধারায় অতি সন্তুষ্ট হন । যজুর্বেদে বর্ণিত বিধি দ্বারা রুদ্রাভিষেক অত্যন্ত লাভপ্রদ । কিন্তু যে ব্যক্তি পূর্ণ বিধি বিধান দ্বারা পূজা করতে অসমর্থ অথবা বিধান সম্পর্কে পরিচিত নয় , সে ব্যক্তি কেবল ষড়ক্ষর
' ওঁ নমঃ শিবায় '
মহামন্ত্র জপের দ্বারা রুদ্রাভিষেক তথা শিবপূজা করতে পারে । যা অত্যন্ত সহজ সরল প্রক্রিয়া । এই অভিষেক জল
এবং দুধের অতিরিক্ত বিভিন্ন তরল পদার্থ দিয়েও করা হয় । আমি কয়েকটি তরল পদার্থ উল্লেখ করছি --

১ - দুধের ধারা দ্বারা রুদ্রাভিষেক করলে মূর্খ ব্যক্তিও বুদ্ধিমান হয় এবং গৃহকলহ শান্ত হয় ।
২ - জলের ধারা দিয়ে রুদ্রাভিষেক করলে বিভিন্ন মনোকামনা পূর্ণ হয় ।
৩ - ঘৃতধারা দ্বারা রুদ্রাভিষেক করলে বংশের বিস্তার , রোগ ব্যাধি নাশ তথা নপুংসকতা দূর হয় ।
৪ - আতর দ্বারা রুদ্রাভিষেক করলে কামসুখ এবং ভোগ বৃদ্ধি হয় ।
৫ - মধুর ধারা দিয়ে অভিষেক করলে ক্ষয়রোগ নাশ হয়।
৬ - ইক্ষুরস দ্বারা রুদ্রাভিষেক করলে আনন্দ প্রাপ্তি ঘটে।
৭ - গঙ্গাজল ধারা দিয়ে রুদ্রাভিষেক করলে সর্বসুখ প্রাপ্তি এবং মোক্ষ প্রাপ্তি হয় ।

Published on: Feb, 18 2023 16:13